ব্যাকস্ট্রিট ভয়েসে এবারের অতিথি প্রিতম হাসান

ক্যাপিটাল এফএম ৯৪.৮ এর ব্যাকস্ট্রিট ভয়েসে শনিবারের অনুষ্ঠানে অতিথি হিসেবে থাকছেন জনপ্রিয় সংগীত শিল্পী প্রিতম হাসান। আজ শনিবার রাত ৯টায় এই অনুষ্ঠানটি প্রচারিত হবে। এর উপস্থাপনা করবেন আপেল মাহমুদ এমিল।

ব্যাকস্ট্রিট ভয়েসে আজকের আলোচনায় থাকছে প্রিতম হাসানের নতুন গান ‘ভেঙ্গে পড়োনা এভাবে’ গানটির পেছনের নানা গল্প। শ্রোতা মহলে দারুণ জনপ্রিয় এই গানটি অজানা সব গল্প ও আরও অনেক জনপ্রিয় গানের মজার গল্প শুনতে আজ শনিবার রাত ৯টায় টিউন করুন ক্যাপিটাল এফএম ৯৪.৮।

আর আয়োজনটি লাইভ দেখতে চোখ রাখুন ক্যাপিটাল এমএম অফিসিয়াল ফেসবুক পেইজ ও অফিসিয়াল ইউটিউব চ্যানেলে।
উল্লেখ্য, ক্যাপিটাল এফএম ৯৪.৮ এর জনপ্রিয় একটি অনুষ্ঠান ব্যাকস্ট্রিট ভয়েস।

সূত্র- বিডি প্রতিদিন

শরীরে ক্যান্সার নিয়েও থেমে নেই এই শিল্পীর গাওয়া

শরীরে গত বছর থেকেই বাসা বেঁধেছে ক্যান্সার। চলছে চিকিৎসা। ভেঙে পড়েননি তিনি। উল্টে করোনায় লকডাউনের আবহে এক, দুই নয়, টানা ১৬৬ দিন একের পর এক গান রেকর্ড করে ইউটিউবে আপলোড করে ননুত নজির গড়লেন বাংলা তথা ভারতের অন্যতম জনপ্রিয় রবীন্দ্র সংগীত শিল্পী স্বাগতালক্ষ্মী দাশগুপ্ত।

তিনি মনে করেন, জীবনের শেষ দিন পর্যন্ত বাঁচতে হবে। এ জন্য ইচ্ছেটাই আসল। আর তাই আগামী প্রজন্মের শিল্পীদের, উঠতি

প্রতিভাদের উদ্দেশ্যে শরীরে ভয়ংকর রোগের বীজ বহন করেও নিজের গান রেকর্ড করে চলেছেন শিল্পী।

দীর্ঘ লকডাউনে প্রায়শই নিজের একাধিক অনুরাগী তথা ছাত্র ছাত্রীর অবসাদের কথা কানে আসে স্বাগতার। তাই তাদের উজ্জীবিত করতে গানকেই অন্যতম হাতিয়ার হিসেবে বেছে নিয়েছেন তিনি। কিন্তু অসুস্থতাকে কি এইভাবে অস্বীকার করা যায়? উত্তরে আদর্শবাদী গায়িকার স্পষ্ট বক্তব্য, ‘ আমার অন্তত জানা নেই কেউ এইভাবে এতদিন টানা গান রেকর্ড করেছেন বলে। ছাত্রছাত্রীদের ভালো রাখতে উদ্যোগ নিয়েছি , তাহলে অসুখের কথা বলতে যাবো কেন ‘?

তবে গত বছরই ক্যান্সার ধরা পড়ার পরে ঘাবড়ে না গিয়ে তিরুপতিতে গিয়ে চুল দান করে এসেছিলেন। তবে তার পরেও অনুষ্ঠান করতে গিয়ে শুনতে হয়েছে ঠাট্টা, বিদ্রুপ। কিন্তু তার কারোর প্রতি কোনো রাগ নেই। শুধু জানিয়েছেন,’ আমায় যাঁরা ব্যঙ্গ করেছেন, তাদের কাউকে যেন আমার পরিস্থিতির, যন্ত্রণার মধ্যে পড়তে না হয়।’ তবে তার মতে, খারাপ লাগার কোনো জায়গাই নেই। কারণ, তার একধিক সহকর্মী, অনুরাগী আছেন, যারা তকে ভালোবাসেন।

আপাতত লকডাউনের দরুণ চিকিৎসা বন্ধ। কবে শুরু হবে কিছুই জানেন না। তবে বিশ্রাম না নিয়ে ভালো কাজের মধ্যেই ডুবে থেকে যন্ত্রণাকে ভুলে থাকতে চান শিল্পী। নির্দ্বিধায় জানান, শান্তিনিকেতনের বাড়ি বিক্রি করে দিতে চান। কারণ, সেখানে গিয়ে আর থাকতে পারেন না। এখন কলকাতায় যেখানে গান সেখান, সেখানেই থাকেন।

লকডাউনের আগে নিবেদিতা স্কুলের সন্ন্যাসীনিদের অনুরোধে করেছিলেন শেষ অনুষ্ঠান। পূজায় আছে আবারও অনুষ্ঠানের আমন্ত্রণ। আছে মুম্বাইয়ের ভাসিতে রামায়ণ গাওয়ার কথা। কিন্তু শরীরের যা পরিস্থিতি তাতে ইমিউনিটির কথা ভেবেই হয়তো এই আবহে আর যেতে পারবেন না বলেই মনে করছেন স্বাগতা। জানিয়েছেন, সম্পূর্ণ রবি ঠাকুরের গান দিয়ে একটি নতুন রামায়ণ তৈরি করেছেন তিনি। নাম দিয়েছেন রবি রামায়ণ।

তিনি জানান, রবি কবির এমন অনেক গান আছে যেগুলো তিনি মনে করেন রামায়ণের সঙ্গে সামঞ্জস্য পূর্ণ। যেমন ‘ আমরা বেড়া ভাঙি, আমরা অশোক বনে, এটি নেতাজিকে উদ্দেশ্য করে লেখা হলেও হনুমানজির উল্লেখও আছে বলে জানান তিনি। আবার ‘আমার সোনার হরিণ চাই ‘, ‘ একই লাবণ্য পূর্ণ প্রাণে ;’..এইভাবে খুঁজে খুঁজে বের করেছেন ৪১টি

গান। এ ছাড়া কদিন আগেই নিজের কথায় এবং সুরে একটি গান পোস্ট করেছেন ইউটিউবে। ভবিষ্যতে আরও নিজের গান নিয়ে আসার বাসনার কথাও জানান শিল্পী।

সূত্র : হিন্দুস্তান টাইমস

ফেসবুক-ইনস্টাগ্রাম বন্ধ রেখে কার্দাশিয়ানসহ তারকাদের প্রতিবাদ

ফেসবুকের ভুল তথ্য ও বিদ্বেষমূলক বক্তব্য প্রচারের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে মার্কিন রিয়ালিটি টিভি তারকা কিম কার্দাশিয়ান ওয়েস্টসহ ডজন খানেক তারকা নিজ ফেসবুক অ্যাকাউন্ট ও ইনস্টাগ্রাম অ্যাকাউন্ট রাখবেন। এই প্রতিবাদে লিওনার্দো ডিক্যাপ্রিও, জেনিফার লরেন্স, অরলান্ডো ব্লুম, কেরি ওয়াশিংটন, সাশা ব্যারন কোহেনসহ রয়েছেন আরও অনেক তারকা। নাগরিক অধিকার গ্রুপ নামে একটি অধিকার কর্মীদের আহ্বানের অংশ হিসেবে ফেসবুক ও ইন্সটাগ্রাম বয়কট করা হয়।

মঙ্গলবার তিনি বলেন, ভুলতথ্য সামাজিকযোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দেয়ায় মারাত্মক প্রভাব পড়ছে। বিবিসি জানিয়েছে, তারকারা তাদের অ্যাকউন্ট বুধবার থেকে ২৪ ঘণ্টা বন্ধ রাখবেন।

এক পোস্টে তিনি লেখেন, সামাজিক মাধ্যমে ছড়িয়ে যাওয়া ভুল তথ্য আমাদের নির্বাচনে গুরুতর প্রভাব ফেলে, এবং আমাদের গণতন্ত্রকে খাটো করে। দয়া করে আমার সঙ্গে যোগ দিন আগামীকাল, যখন আমি ফেইসবুককে ‘হ্যাশট্যাগ স্টপ হেইট ফর প্রফিট’ বলার জন্য আমার ইনস্টাগ্রাম ও ফেইসবুক অ্যাকাউন্ট বন্ধ করে দেব।

জুলাইয়ে নাগরিক অধিকার নামে একটি গ্রুপ একত্রিত হয়ে ফেসবুকের বিরুদ্ধে বিজ্ঞাপন বয়কট ক্যাম্পেইন শুরু করে। ওই সময়েই কোকা- কোলা, নাইকি, হার্শিজ এর মতো বড় বড় প্রতিষ্ঠান তাতে সাড়া

দিয়েছিল। সোমবার ওই ক্যাম্পেইনের পক্ষ থেকে প্রতিষ্ঠান ও তারকাদেরকে আহবান জানানো হয় প্রতিবাদ করার জন্য, বুধবার ২৪ ঘন্টার জন্য অ্যাকাউন্ট বন্ধ রাখতে বলেছেন আয়োজকরা।

সূত্র- বিডি-প্রতিদিন

করণের পার্টিতে দীপিকার ‘মাদক সেবনের’ অভিযোগ

করণ জোহরের বাড়িতে মাদক পার্টি আয়োজনের অভিযোগ তুলে ভারতের কেন্দ্রীয় মাদক নিয়ন্ত্রণ বোর্ডে (এনসিবি) তদন্তের আবেদন জানালেন প্রাক্তন শিরোমণি অকালি দলের সাংসদ মনজিন্দর সিং সিরসা।

২০১৯ সালে করণ জোহরের বাড়িতে আয়োজিত পার্টিতে অবাধ মাদক সেবনের ব্যবস্থা ছিল। সম্প্রতি সেই পার্টির ভিডিও ক্লিপ পোস্ট করে এমনই অভিযোগ করেন প্রাক্তন সাংসদ। এনসিবি প্রধান রাকেশ সাক্সেনার সঙ্গে দেখা করে এই অভিযোগ জানানোর পরে সোশ্যাল মিডিয়ায় বোর্ডকে লেখা তার আবেদনের প্রতিলিপি সাক্সেনার সঙ্গে শেয়ার করেন সিরসা।

তার চিঠির সঙ্গে অ্যাটাচ করা স্ক্রিনশট দেখে বোঝা যাচ্ছে, প্রধানত দীপিকা পাড়ুকোন, ভিকি কৌশল, মালাইকা অরোরা, বরুণ ধাওয়ান, অর্জুন কাপুর ও শাহিদ কাপুরের বিরুদ্ধে তিনি মাদক সেবন, মজুত রাখা এবং বাড়ির চৌহদ্দিতে এই অপরাধ সংঘটনের জন্য আমন্ত্রক করণ জোহরের বিরুদ্ধে এনসিবি-কে তদন্তের আর্জি জানিয়েছেন। ওই পার্টিতে যে ঢালাও মাদক সেবন চলেছিল, সেই দাবি করেছেন সিরসা।

তার বাড়িতে আয়োজিত ওই পার্টিতে উপস্থিত কেউ মাদক সেবন করেননি, সে কথা এর আগেও জানিয়েছিলেন করণ জোহর। তার যুক্তি, ‘ইন্ডাস্ট্রির সফল সদস্য সারা সপ্তাহ কঠিন পরিশ্রমের পরে একরাত আড্ডা আর খোশগল্পে মেতেছিলেন। আমি নিজেই ভিডিয়োটি স্বইচ্ছায় রেকর্ড করি। যদি অবৈধ কিছু ঘটে থাকে, তা হলে তা প্রকাশ করার মতো বোকা আমি নই।’

ভিডিওর অংশবিশেষ নিয়ে প্রশ্ন ওঠায় তিনি ব্যাখ্যা করেন, ‘আপাতদৃষ্টিতে প্রকাশ্যে না খোঁটা অনুচিত। আপাতদৃষ্টিতে ব্যাক পকেটে মোবাইল ফোনা রাখা অনুচিত। আপাতদৃষ্টিতে আলোর ঝলককে পাউডার মনে হতে পারে।’

করণের বক্তব্য, ‘ভিডিও রেকর্ড করার পাঁচ মিনিট আগে আমার মা ওখানে উপস্থিত ছিলেন। এমনই এক পারিবারিক, আনন্দময়, সামাজিক আড্ডা ছিল সেটা, যেখানে বন্ধুরা কথা বলার পাশাপাশি গান শুনে সময় কাটাচ্ছিলেন। আর কিছুই সেখানে হয়নি।’

সুশান্ত সিং রাজপুত হত্যা মামলায় যুক্ত থাকার অভিযোগে এ পর্যন্ত ২০ জনকে গ্রেফতার করেছে এনসিবি। এনফোর্সমেন্ট ডিরেক্টোরেট-এর আনুষ্ঠানিক আলোচনার জেরে অভিনেতার মৃত্যুর সঙ্গে সম্পর্কিত মাদক সেবন, সংগ্রহ ও পাচার সংক্রান্ত একাধিক মোবাইল ফোন চ্যাট রেকর্ডের ভিত্তিতে এই পদক্ষেপ করে এনসিবি।

সূত্র : হিন্দুস্তান টাইমস

ডিপজলের শরীরে সফল অস্ত্রোপচার

ঢালিউডের আলোচিত অভিনেতা মনোয়ার হোসেন ডিপজলের শরীরে করা অস্ত্রোপচার সফল হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে তাকে অপারেশন থিয়েটারে নেওয়া হয়। বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতির সাধারণ সম্পাদক জায়েদ খান বলেছেন, ডিপজল ভাই অপারেনের পর এখন সুস্থ আছেন। ভক্ত ও দেশবাসীর কাছে দোয়া চেয়েছেন।

ডিপজলকে গতকাল সকালেই অপারেশন করানোর কথা ছিল। তার শারীরিক অবস্থা বিবেচনা করে চিকিৎসকেরা দুপুরের দিকে তাকে অপারেশন থিয়েটারে নেন, বেলা দেড়টার দিকে শুরু হয় অস্ত্রোপচার।

জায়েদ খান বলেন, ডিপজল ভাইয়ের কোমরের টিউমার অপারেশন করা হয়েছে। এটি খুব জটিল অস্ত্রোপচার নয়। টানা ৭ থেকে ১০ দিন বিশ্রাম নিলেই

তিনি সুস্থ হয়ে উঠবেন।

গত ১২ সেপ্টেম্বর চিকিৎসকেরা ডিপজলকে বেশ কিছু শারীরিক পরীক্ষার পরামর্শ দেন। পরীক্ষায় তার শরীরে টিউমার ধরা পড়ে। এর আগে মার্চ মাস থেকে তিনি ঠাণ্ডার সমস্যায় ভুগছিলেন।

নৃত্যশিল্পী ইভানের রিমান্ড চেয়েছে সিআইডি

দুবাইয়ে ড্যান্স বারের আড়ালে নারী পাচারের অভিযোগে জাতীয় পুরস্কারপ্রাপ্ত নৃত্যশিল্পী ইভান শাহরিয়ার সোহাগকে সাতদিনের রিমান্ড আবেদন করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)।

মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে এ রিমান্ড আবেদন করা হয়। পরে মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট বেগম মাহমুদা আক্তার আগামী ২১ সেপ্টেম্বর ইভানের উপস্থিতিতে রিমান্ড শুনানির দিন ধার্য করেন। এর আগে গত ১২ সেপ্টেম্বর ইভানকে কারাগারে পাঠান আদালত। পরদিন তার জামিন আবেদনও নামঞ্জুর হয়।

গত ১১ সেপ্টেম্বর সিআইডির অতিরিক্ত উপ-মহাপরিদর্শক (ডিআইজি) শেখ রেজাউল হায়দার জানান, সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে ড্যান্স বারে কাজ দেওয়ার নামে নারী পাচারের অভিযোগে নৃত্যশিল্পী ও কোরিওগ্রাফার ইভানকে আটক করা হয়।

তিনি জানান, দুবাইয়ে ড্যান্স বারের আড়ালে নারী পাচারের অভিযোগে সম্প্রতি আজম খানসহ নারী পাচারকারী চক্রের পাঁচ সদস্যকে আটক করা হয়। এদের মধ্যে দু’জন স্বীকারোক্তিমূলক জবানবন্দিতে কোরিওগ্রাফার ইভানের নাম বলেছেন। সেই তথ্যের ভিত্তিতে সিআইডির অর্গানাইজড ক্রাইম ইউনিট তাকে আটক করে।

সূত্র- বিডি প্রতিদিন

[redacted] [redacted] [redacted] [redacted] ‘[redacted]’ [redacted] [redacted]!

[redacted] [redacted] [redacted] [

[redacted]

[redacted]

ক্ষোভে ফুঁসছেন কঙ্গনা: বাঁচি কিংবা মরি, মুখোশ উন্মোচন করবই!

হুমকি মাথায় নিয়েই মুম্বাই ফিরেছেন দুঃসাহসী কঙ্গনা রনৌত। তার আগমনের সময় মুম্বাই এয়ারপোর্টে নজিরবিহীন নিরাপত্তার ব্যবস্থা করে কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী ও মুম্বাই পুলিশ। আজ বুধবারেই কঙ্গনার অফিসের একাংশ গুড়িয়ে দিয়েছে মুম্বাই পৌরসভা (বিএমসি)। আদালতের স্থগিতাদেশে পুরো ভবনটা আপাতত রক্ষা পেলেও ক্ষোভে ফুঁসছেন ‘ঝাঁসি কি রানী’।

মুম্বাইয়ে কঙ্গনার কার্যালয় ‘মণিকর্ণিকা’য় ফিরেই সামাজিকমাধ্যমে ধ্বংসপ্রাপ্ত অফিসের ভিডিও শেয়ার করেন অভিনেত্রী। সেসঙ্গে তিনি মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরেকে হুমকি দেন, ‘আজ যেমন আমার গৃহ ধ্বংস করেছেন, কাল তেমনি আপনার অহংকারও ধ্বংস হবে। ’

টুইটারে একটি ভিডিও শেয়ার করে কঙ্গনা বলেন, এর আগে তিনি কাশ্মীরি পণ্ডিতদের দুঃখের কথা জানতেন। এবার তার নিজের বাড়ি ধ্বংস হওয়ার পর তিনি পণ্ডিতদের দুঃখ অনুভবও করতে পারছেন। এরপরই ‘মণিকর্ণিকা’ তারকা সবার কাছে প্রতিজ্ঞা করেন, তিনি যে শুধু ‘অযোধ্যা’র ওপর সিনেমা বানাবেন তা নয়, এরপর তিনি কাশ্মীরের ইতিহাস নিয়েও সিনেমা বানাবেন।

এদিকে, কঙ্গনার কার্যালয় ধ্বংস করার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে ‘কুইন’র পাশে দাঁড়িয়েছেন অভিনেত্রী দিয়া মির্জা, অঙ্কিতা লোখান্দে, বর্ষীয়ান অভিনেতা অনুপম খেরসহ অনেকেই। অনুপম খের বলেন, ওটা আসলে বুলডোজার নয়, ওটা হলো ‘বুলিডোজার’। আর অঙ্কিতার ভাষায় কঙ্গনা হলেন ‘ব্রেভহার্ট’ তথা দুঃসাহসী নারী।

নিজের সাজানো ঘর কেউ ভেঙে দিলে ক্রুদ্ধ হওয়া স্বাভাবিক। কঙ্গনার সেই ক্রোধের আগুন এবার ঠিকরে পড়লো বলিউডের প্রভাবশালী নির্মাতা করণ জোহর ও মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রীর ওপর। সবশেষ টুইট পোস্টে কঙ্গনা বলেন, আসুন উদ্ধব ঠাকরে ও করণ জোহর গ্যাং। আপনারা আমার কর্মস্থল ধ্বংস করেছেন। এবার আমার বাড়ি ভাঙুন, আমার মুখ ও শরীরে আঘাত করুন। আমি চাই, বিশ্ব পরিষ্কারভাবে দেখুক আপনারা গোপন হাত দিয়ে কি করতে পারেন। আমি বাঁচি কিংবা মরি, আমি আপনাদের মুখোশ

সবার সামনে খুলে দেব।

কঙ্গনা আরও বলেন, গত ২৪ ঘণ্টার মধ্যে হঠাৎ করেই আমার অফিস বেআইনি বলে ঘোষণা করা হলো। তারা ভেতরের আসবাবপত্র ও লাইট পর্যন্ত ভাংচুর করেছে। এখন হুমকি পাচ্ছি, তারা আমার বাড়িতে আসবে এবং এটাও ভাঙবে। ‘আমি খুশি, মুভি মাফিয়া চক্রের প্রিয় মুখ্যমন্ত্রী হিসেবে আমি যে মত দিয়েছিলাম তা আজ সত্য প্রমাণিত হলো,’ যোগ করেন কঙ্গনা।

সূত্র- বিডি-প্রতিদিন

চীনা সংস্থাকে ধন্যবাদ জানিয়ে তোপের মুখে ডিজনি

চীনের সরকারি সংস্থাকে ধন্যবাদ জানিয়ে সমালোচনার মুখে পড়েছে মার্কিন গণমাধ্যম ও বিনোদন জায়ান্ট ডিজনি। চীনা ওই সংস্থাটির বিরুদ্ধে জিনজিয়াংয়ে মুসলিম সংখ্যাগরিষ্ঠ উইঘুরদের ওপর মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ রয়েছে।

‘মুলান’ ছবিটি তৈরি সহযোগিতা করায় চীনা সংস্থাটির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছিল ডিজনি। জিনজিয়াংয়ে ‘মুলান’ ছবির বেশ কিছু অংশের শুটিং হয়েছে। ছবিটি একজন নারী যোদ্ধাকে ঘিরে যে অসুস্থ বাবাকে বাঁচাতে ছদ্মবেশে সেনাবাহিনীতে অংশ নেয়।

১৯৯৮ সালের অ্যানিমেটেড ছবি ‘মুলান’ এর লাইভ অ্যাকশন রিমেক করেছে ডিজনি। এত সহযোগিতা করেছে চীন সরকারের বেশ কিছু সহযোগী প্রতিষ্ঠান। গত মার্চে ছবিটি মুক্তির কথা ছিল কিন্তু করোনার কারণে তা পিছিয়ে যায়। সম্প্রতি ছবিটি ডিজনি প্লাসে মুক্তি দেওয়া হয়েছে।

সূত্র- বিডি প্রতিদিন